

## মুখে মাস্ক পরা অবস্থায় কি নামায হবে?

### প্রশ্ন:

আমাদের মসজিদের অনেক মুসল্লিকে দেখি, তাঁরা মুখে মাস্ক নিয়ে নামায পড়েন। অনেকে বলেন, নামায হবে না। আবার অনেকে বলেন, হবে। আমি কোনটা মানব? আসলে কি নামাজ হবে?

প্রশ্নকারী- আব্দুল্লাহ

### উত্তর:

বিনা ওজরে নাক বা মুখ ঢেকে সালাত আদায় করা মাকরুহ, তবে সালাত সহীহ হয়ে যাবে। আবু হুরাইরা রাযি. থেকে বর্ণিত একটি হাদিসে এসেছে,

أن رسول الله صلى الله عليه وسلم نهي عن السدل في الصلاة، وأن يغطي الرجل فاه

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে ‘সাদাল’ (প্রচলিত পদ্ধতির বিপরীত দৃষ্টিকটু পদ্ধতিতে কাপড় পরিধান) করতে এবং মুখ ঢেকে রাখতে নিষেধ করেছেন।” —সুনানে আবু দাউদ: ৬৪৩

অবশ্য কোনো ওজরের কারণে করলে তা মাকরুহ নয়। সুতরাং করোনার কারণে সতর্কতামূলক মাস্ক পরে সালাত আদায় করলে সমস্যা নেই। -  
ফাতওয়া শামী: ১/৬৫২, আলবাহরর রায়েক: ২/২৭, বাদায়েউস সানায়ে’: ১/২১৬, আলমাজমু’: ৩/১৭৯, মাওয়াহিবুল জালিল: ১/৫০৩, কাশশাফুল কিনা’: ১/২৬৮

فقط. والله أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২২-১১-৪১ হি.

১৪-০৭-২০ ইং



اللجنة الشرعية للدعوة والنصرة  
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ